



যুদ্ধবিরতি কার্যকরের পরই লেবাননে ইসরায়েলের হামলা



ছবি: সংগৃহীত

লেবাননে ঘোষিত নতুন যুদ্ধবিরতি কার্যকর হওয়ার এক ঘণ্টার মধ্যেই তা ভঙ্গের অভিযোগ উঠেছে ইসরাইলের বিরুদ্ধে। দক্ষিণাঞ্চলে গোলাবর্ষণ ও সামরিক তৎপরতা চালিয়ে যাওয়ার খবর পাওয়া গেছে।

লেবাননের রাষ্ট্রীয় সংবাদ সংস্থা এনএনএ জানায়, খিয়াম ও দিক্বিন এলাকায় ইসরাইলি বাহিনীর হামলা অব্যাহত রয়েছে। শুধু গোলাবর্ষণই নয়, মেশিনগান থেকেও গুলি ছোড়া হচ্ছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

এদিকে পশ্চিম বেকা উপত্যকাতো উত্তেজনা কমেনি। রাশায়া অঞ্চল ও জাবাল আল-শাইখের পশ্চিমাংশে ইসরাইলি নজরদারি ড্রোন ও বিমান নিয়মিত টহল দিচ্ছে বলে জানিয়েছে এনএনএ।

এর আগে বৃহস্পতিবার রাতে ১০ দিনের যুদ্ধবিরতির ঘোষণা দেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ইসরাইলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু এবং লেবাননের প্রেসিডেন্ট জোসেফ আউনের সঙ্গে আলোচনা শেষে তিনি এই সিদ্ধান্তের কথা জানান।

বাংলাদেশ সময় শুক্রবার ভোর থেকে যুদ্ধবিরতি কার্যকর হওয়ার কথা ছিল।

তবে এই সমঝোতা নিয়ে ইসরাইলের ভেতরেই মতবিরোধ দেখা দিয়েছে। জাফতিভিক বিশ্লেষক আবেদ আবু শেহাদে মনে করেন, অনেক ইসরাইলি নাগরিক এই চুক্তিকে নিজেদের প্রত্যাশার বিপরীত হিসেবে দেখছেন এবং যুক্তরাষ্ট্রের চাপেই এটি মেনে নেওয়া হয়েছে বলে ধারণা করছেন।

লেবাননের স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, চলমান সংঘাতে এখন পর্যন্ত অন্তত ২ হাজার ১৯৬ জন নিহত এবং ৭ হাজার ১৮৫ জন আহত হয়েছেন।

সূত্র: আলজাজিরা